

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Md. Shahriar Alam, MP  
State Minister  
মোঃ শাহরিয়ার আলম, এমপি  
প্রতিমন্ত্রী



MINISTRY OF FOREIGN AFFAIRS  
GOVERNMENT OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
DHAKA

## বাণী

১৭ মার্চ ২০২৩


সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উপলক্ষ্যে আমি এ মহান নেতার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানাই। এই মহান স্বাধীনতার মাসে আমি শ্রদ্ধাভরে স্মরণ করি সেই সকল বীর শহীদদের যাদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত হয়েছে আমাদের পরম কাঙ্ক্ষিত স্বাধীনতা। আজকের এই শুভ দিনে সকল শিশু-কিশোরকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

বঙ্গবন্ধু এক কিংবদন্তীর নাম যিনি ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত, ধর্মনিরপেক্ষ এবং উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখতেন। তাঁর দূরদর্শী নেতৃত্বে আমরা পেয়েছি স্বাধীন, সার্বভৌম বাংলাদেশ। ফলে বিকাশ ঘটেছে বাঙালি জাতিসত্তার। বঙ্গবন্ধু বাঙালির অধিকারের প্রশ্নে কখনো আপোস করেননি। বাংলার সাধারণ মানুষের দেওয়া উপাধি 'বঙ্গবন্ধু' তাই বাংলাদেশেরই সমার্থক। বঙ্গবন্ধু শুধু বাঙালি জাতিরই নয়, তিনি ছিলেন বিশ্বের সকল নিপীড়িত-শোষিত-বঞ্চিত মানুষের অধিকার আদায় ও মুক্তির অগ্রনায়ক। তিনি মুক্তিযুদ্ধে প্রায় সম্পূর্ণরূপে ধ্বংসপ্রাপ্ত এবং অর্থনীতিতে পশ্চাৎপদ বাংলাদেশের নেতৃত্ব গ্রহণ করেন এবং মাত্র সাড়ে তিন বছরে যুদ্ধবিক্ষস্ত বাংলাদেশের পুনর্বাসন ও পুনর্গঠনের কাজ সম্পন্ন করেন। দেশকে আত্মনির্ভরশীল ও মর্যাদাপূর্ণ জাতি হিসেবে প্রতিষ্ঠিত করতে বঙ্গবন্ধু সম্ভাব্য সকল পদক্ষেপ গ্রহণ করে গেছেন।

বঙ্গবন্ধুর দেখানো পথ অনুসরণ করে তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। অর্থনৈতিক সমৃদ্ধি ছাড়াও দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তন বিষয়ক সমস্যা মোকাবিলা, শিশু মৃত্যুর হার কমানোসহ নানা ক্ষেত্রে বাংলাদেশ আজ বিশ্বে রোল মডেলে পরিণত হয়েছে। আমি আশা করি দেশে বিদেশে বসবাসকারী সকল বাংলাদেশি বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখবেন।

জাতির পিতার ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপনের জন্য বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের কর্মকর্তা-কর্মচারী এবং প্রবাসী বাংলাদেশিদের অভিনন্দন জানাই। আমাদের নতুন প্রজন্ম বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত হয়ে দেশ গঠনে নিজেদের নিয়োজিত করবে- এই প্রত্যাশা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু  
বাংলাদেশ চিরজীবী হোক।

  
(মোঃ শাহরিয়ার আলম, এমপি)